www.a2zSubjects.com

PAPER-III
BENGALI

Signature and Name of Invigilator

1. (Signature) ____________________

   (Name) ____________________

2. (Signature) ____________________

   (Name) ____________________

J A 0 1 9 1 7

OMR Sheet No. : ....

(To be filled by the Candidate)

Roll No. | | | | | | | | |

(In figures as per admission card)

Roll No.______________________________

(In words)

Time : 2 ½ hours] [Maximum Marks : **150**

Number of Pages in this Booklet : **24** Number of Questions in this Booklet : **75**

Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of seventy five multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the Test Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Test Booklet.
   (iv) The test booklet no. and OMR sheet no. should be same. In case of discrepancy in the number, the candidate should immediately report the matter to the invigilator for replacement of the test booklet / OMR Sheet.
4. Each item has four alternative responses marked (1), (2), (3) and (4). You have to darken the circle as indicated below on the correct response against each item.
   Example : ① ② ● ④
   where (3) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the Original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry original question booklet on conclusion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There is no negative marks for incorrect answers.**

परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए ।
2. इस प्रश्न-पत्र में पचहत्तर बहुविकल्पीय प्रश्न हैं ।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी । पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए पुस्तिका पर लगी कागज की सील को फाड़ लें । खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें ।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं । दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हो अर्थात किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें । इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे । उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा ।**
   (iii) इस जाँच के बाद प्रश्न-पुस्तिका का नंबर OMR पत्रक पर अंकित करें और OMR पत्रक का नंबर इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें ।
   (iv) प्रश्न पुस्तिका नं. और OMR पत्रक नं. समान होने चाहिए । यदि नंबर भिन्न हों, तो परीक्षार्थी प्रश्न-पुस्तिका / OMR पत्रक बदलने के लिए निरीक्षक को तुरंत सूचित करें ।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (1), (2), (3) तथा (4) दिये गये हैं । आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है :
   उदाहरण : ① ② ● ④
   जबकि (3) सही उत्तर है ।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं । यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिह्नांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा ।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें ।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें ।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं ।
9. आपको परीक्षा समाप्त होने पर मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें । हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका अपने साथ ले जा सकते हैं ।
10. **काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें ।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है ।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं ।**

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

BENGALI

বাংলা

Paper – III

প্রশ্নপত্র – III

Note : This paper contains **seventy five (75)** objective type questions of **two (02)** marks each. All questions are compulsory.

নির্দেশ : এই প্রশ্নপত্রে **পঁচাত্তর (75) টি** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে । প্রতি প্রশ্নের মান **দুই (2)** । সব প্রশ্নের উত্তর দিতে হবে ।

1. নীচে একটি মন্তব্য এবং এর সমর্থনে একটি যুক্তি প্রদর্শন করা হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : বহু শব্দের সাদৃশ্যে না হয়ে যদি একটি মাত্র শব্দের প্রভাবে অপর কোনো শব্দের রূপপরিবর্তন ঘটে তবে তাকে সাদৃশ্য বলে ।

যুক্তি : একটি উদাহরণ দিলেই বিষয়টি স্পষ্ট হবে : আরবি মিন্নৎ + সংস্কৃত বিজ্ঞপ্তি > বাংলা মিনতি

সংকেত :

(1) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(2) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

2. 'ডাহ ডোম্বীঘরে _______ আগি ।'

ধামপাদ রচিত চর্যাগীতির সাতচল্লিশ সংখ্যক পদের তৃতীয় ছত্রের শূন্যস্থানে যে শব্দটি বসবে সেটি হল :

(1) লাগঅ (2) জালেগি

(3) দিলা (4) লাগেলি

3. 'যখন দেখিবা লঙ্কাগত হনূমান ।

তখন ছাড়িয়া লঙ্কা আসিবে স্বস্থান ।।'

– কৃত্তিবাসী রামায়ণে উক্তিটি হল :

(1) শিবের প্রতি ব্রহ্মার (2) লক্ষ্মীর প্রতি শিবের

(3) চামুণ্ডার প্রতি শিবের (4) বিভীষণের প্রতি শিবের

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

4. বঙ্কিমচন্দ্রের ‘উত্তরচরিত’ থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. কবির প্রধান গুণ, সৃষ্টিক্ষমতা ।

b. সৃষ্টিক্ষমতা মাত্রই প্রশংসনীয় ।

c. কবির সৃষ্টি স্বভাবানুকারী এবং সৌন্দর্যবিশিষ্ট না হলে কোনো প্রশংসা নেই ।

d. কেবল স্বভাবানুকারিণী সৃষ্টিও প্রশংসনীয় ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(4)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ

5. ‘পদ্মাবতী’ কাব্যে রত্নসেনকে উদ্ধার করতে রমণীর ছদ্মবেশে দিল্লীতে প্রবেশ করেছিল :

(1) দেড়হাজার সৈন্য
(2) এক হাজার সৈন্য
(3) ষোলশো সৈন্য
(4) বারোশো সৈন্য

6. নৃপেন্দ্রকৃষ্ণ চট্টোপাধ্যায়ের ‘রুশ সাহিত্য ও তরুণ বাঙালী’ প্রবন্ধ অবলম্বনে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি প্রদর্শন করা হয়েছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : বাঙালী লেখকের রচনায় রুশ সাহিত্যের প্রভাব ভুল পথে চলেছে ।

যুক্তি : বাঙালী তরুণের মনের গতি রুশ সাহিত্য দ্বারা প্রভাবিত হলেও তাদের পারিপার্শ্বিক জগৎ বদলায়নি ।

সংকেত :

(1) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(2) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

7. মুখখানি ঢল ঢল আলুথালু কুন্তল

সনাল কমল দুটি ________

'সারদামঙ্গল' কাব্যের উদ্ধৃত অংশের সংকেত থেকে ______ শূন্যস্থানটি পূর্ণ করো :

(1) হৃদয় মাঝারে (2) ভাসে নীলজলে

(3) হাসে সুমঙ্গলে (4) বাম করতলে

8. রবীন্দ্রনাথের 'কালান্তর' গ্রন্থ থেকে কয়েকটি মন্তব্য এবং প্রবন্ধের নাম দুটি তালিকায় দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত অনুসারে উত্তর দিন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	হিত করিবার একটি মাত্র ঈশ্বর দত্ত অধিকার আছে, সেটি প্রীতি ।	i.	বিবেচনা ও অবিবেচনা
b.	পৃথীবীর সমস্ত বড়ো বড়ো সভ্যতাই দুঃসাহসের সৃষ্টি ।	ii.	কালান্তর
c.	এই যুগ য়ুরোপের সঙ্গে আমাদের গভীর সহযোগিতারই যুগ ।	iii.	সভ্যতার সংকট
d.	মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ, সে বিশ্বাস শেষ পর্যন্ত রক্ষা করব ।	iv.	লোকহিত

সংকেত :

	a	b	c	d
(1)	i	iii	iv	ii
(2)	ii	iv	iii	i
(3)	iv	i	ii	iii
(4)	iii	ii	i	iv

9. তলস্তয়-এর ছোটগল্প বাংলায় প্রথম অনুবাদ করেন :

(1) চণ্ডীচরণ সেন (2) স্বর্ণকুমারী দেবী

(3) কামিনী রায় (4) নিশিকান্ত চট্টোপাধ্যায়

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

10. নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

মন্তব্য : ‘ভারতবর্ষের স্বাধীনতা ও পরাধীনতা’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র জানিয়েছেন মহারানি ভিক্টোরিয়ার সিংহাসন দিল্লি বা কলকাতায় স্থাপিত হলে ভারতবর্ষের শাসন প্রণালী মোটেই উৎকৃষ্টতর হত না ।

যুক্তি : কেননা বঙ্কিমের মতে যিনি রাজা তাঁর দূরে থাকাই উচিত ।

সংকেত :

(1) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(2) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

11. ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধে ‘পঞ্জম’ কথাটির অর্থ হল :

(1) কর (2) অনাবাদী জমি

(3) আইন (4) প্রজার কর্জ

12. প্রথম তালিকায় প্রদত্ত পদকর্তার নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় উপস্থাপিত পদের প্রথম চরণের সামঞ্জস্য বিধান করে সংকেত-সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	চণ্ডীদাস	i.	নয়ন কাজর তুঅ অধর চোরাওল
b.	বিদ্যাপতি	ii.	শুন শুন সুন্দর নাগররাজ
c.	জ্ঞানদাস	iii.	ঘরে হইতে শুনিয়াছি মুরলীর গান
d.	গোবিন্দদাস	iv.	মূরছি পড়িয়া কান্দয়ে ধরিয়া সব সখী জনে জনে

সংকেত :

	a	b	c	d
(1)	ii	iv	iii	i
(2)	iv	i	iii	ii
(3)	iii	i	ii	iv
(4)	iv	ii	i	iii

13. রবীন্দ্রনাথের যে ছোটগল্পে ইবসেনের উল্লেখ আছে সেটি হল :

(1) স্ত্রীর পত্র (2) হৈমন্তী

(3) অপরিচিতা (4) পয়লা নম্বর

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

14. আরিস্টটলের কাব্যতত্ত্ব থেকে মূল গ্রীক ও তার বাংলা প্রতিশব্দ দুটি তালিকায় দেওয়া হল । কোনটি কোন গ্রীকমূলের প্রতিশব্দ দুটি তালিকার মধ্যে তার সামঞ্জস্য বিধান করে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	এপোপোইয়া	i.	বিপ্রতীপতা
b.	ত্রাগোদিয়া	ii.	চরিত্র
c.	এথোস	iii.	মহাকাব্য
d.	পেরিপেতেইয়া	iv.	ট্রাজেডি

সংকেত :

	a	b	c	d
(1)	ii	i	iv	iii
(2)	iv	ii	iii	i
(3)	iii	i	ii	iv
(4)	iii	iv	ii	i

15. যে বৎসর বাংলা ভাষায় ব্রেখটের নাটক প্রথম অনূদিত হয়, সেই বৎসরটি হল :

(1) 1941
(2) 1943
(3) 1948
(4) 1950

16. নীচের তালিকা দুটিতে ‘শ্রীকৃষ্ণবিজয়’ থেকে কয়েকটি চরিত্র ও তাঁদের হাতে নিহত অসুরের নাম দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	বলরাম	i.	ব্রজনাভ
b.	কৃষ্ণ	ii.	প্রলম্বাসুর
c.	প্রদ্যুম্ন	iii.	সত্রাজিৎ
d.	শতধন্বা	iv.	অঘাসুর

সংকেত :

	a	b	c	d
(1)	i	iii	ii	iv
(2)	iv	ii	iii	i
(3)	iii	i	iv	ii
(4)	ii	iv	i	iii

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

17. 'রবীন্দ্রনাথ শেলীকে আর্নল্ড - এর চেয়ে স্পষ্টভাবে বুঝতে পেরেছেন' – মন্তব্যটি করেছেন :

(1) বুদ্ধদেব বসু (2) সুধীন্দ্রনাথ দত্ত

(3) বিষ্ণু দে (4) জীবনান্দ দাশ

18. লোক-ভাষায় ব্যবহৃত 'কাগাবুগা' শব্দবন্ধের অর্থ হল :

(1) কচিকাঁচা (2) বাচ্ছাকাচ্ছা

(3) বাপ-বেটা (4) ভাইবোন

19. মোহিতলাল মজুমদারের ছন্দ-সম্পর্কিত ভাবনা অবলম্বনে শুদ্ধ-অশুদ্ধ কয়েকটি মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. মোহিতলালের মতে কথ্য ভাষার ছন্দ বা ছড়ার ছন্দ তিন প্রকার ।

b. মোহিতলাল মনে করতেন, অমিত্রাক্ষরই হল বাংলার ছান্দসিকগণের ছন্দোবিদ্যার একমাত্র পরীক্ষাস্থল ।

c. মোহিতলালের 'বাংলা কবিতার ছন্দ' বইটির দ্বিতীয় ভাগে চর্যাপদ থেকেও উদ্ধৃতি আছে ।

d. 'বাংলা কবিতার ছন্দ' বইটির দ্বিতীয় ভাগের শিরোনাম 'বাংলা পয়ার ও অমিত্রাক্ষর' ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(4)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ

20. 'হুইটম্যান খুললে রবীন্দ্রনাথকে যাঁর মনে না পড়ে তিনি রবীন্দ্রনাথ পড়েন নি ।' – এই মন্তব্যটি করেছেন :

(1) বুদ্ধদেব বসু (2) বিষ্ণু দে

(3) সুধীন্দ্রনাথ দত্ত (4) জীবনানন্দ দাশ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

21. নীচে 'মুক্তক' ছন্দ সম্পর্কে কয়েকটি মন্তব্য করা হয়েছে । সেগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. মুক্তক ছন্দই 'বলাকার ছন্দ' নামে অভিহিত হয় ।

b. 'মুক্তক'-এর প্রথম সার্থক প্রকাশ ঘটে বলাকা কাব্যের 'ছবি' কবিতায় ।

c. 'বলাকা' কাব্যের সব কবিতাই মুক্তক ছন্দে লেখা ।

d. রবীন্দ্রনাথ কেবল মিশ্রবৃত্ত ও দলবৃত্ত রীতিতেই মুক্তক লিখেছেন ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(3)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(4)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ

22. নিম্নলিখিত কবিদের মধ্যে মধুসূদন 'মেঘনাদবধ কাব্যে' যাঁর বন্দনা করেন নি তিনি হলেন :

(1) ভবভূতি
(2) কালিদাস
(3) বাল্মীকি
(4) জয়দেব

23. দেবীর দশমহাবিদ্যা রূপ ধারণের ইতিবৃত্ত বিভিন্ন গ্রন্থে বিভিন্নভাবে দেওয়া আছে । 'অন্নদামঙ্গল' কাব্যের দশমহাবিদ্যার বিবরণ যে পুরাণ অনুসরণে রচিত সেটি হল :

(1) শিব পুরাণ
(2) মহাভাগবত পুরাণ
(3) দেবী পুরাণ
(4) বিষ্ণু পুরাণ

24. নীচে প্রথম তালিকায় ছন্দশাস্ত্রের পরিভাষা এবং দ্বিতীয় তালিকায় প্রদত্ত তাদের পরিচিতির মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা	দ্বিতীয় তালিকা
a. মুক্তস্বর	i. হ্রস্বরূপে উচ্চারিত রুদ্ধ দল
b. রুদ্ধস্বর	ii. রুদ্ধস্বরের প্রথমাংশের পারিভাষিক নাম
c. পূর্ণস্বর	iii. একক স্বরধ্বনির পারিভাষিক নাম
d. সংশ্লিষ্ট রুদ্ধস্বর	iv. দ্বৈতশ্রুতি স্বরধ্বনির পারিভাষিক নাম

সংকেত :

	a	b	c	d
(1)	iii	ii	iv	i
(2)	ii	i	iii	iv
(3)	iii	iv	ii	i
(4)	iv	iii	i	ii

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

25. পূর্ববঙ্গের যে অঞ্চলে 'হরাণ' গানের প্রচলন আছে তার নাম হল :

(1) ফরিদপুর
(2) চট্টগ্রাম
(3) ঢাকা
(4) শিলেট

26. হত্যা নয় আজ সত্যাগ্রহ শক্তির উদ্বোধন দুর্বল ভীরু চুপ রহো, ওহো খাম্‌কা ক্ষুব্ধ মন ।

এই দৃষ্টান্তটিকে অবলম্বন করে চারটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. ছয় মাত্রার পূর্ণ পর্ব এবং দুই মাত্রার অপূর্ণ পর্ব বিশিষ্ট কলাবৃত্ত রীতির ছন্দ ।

b. 'হত্যা নয় আজ' পর্বটিতে মোট মাত্রাসংখ্যা পাঁচ ।

c. প্রথম ছত্রের দুটি ক্ষেত্রে ছন্দ-সন্ধি ঘটেছে ।

d. ছন্দোবোধ সম্পন্ন পাঠক এই দৃষ্টান্তে মাত্রাগত অসংগতি খুঁজে পাবেন ।

সংকেত :

	a	b	c	d
(1)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(2)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(3)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(4)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ

27. ভাওয়াইয়া গানের ভাষা হল

(1) বরেন্দ্রী উপভাষা
(2) সিলেটী উপভাষা
(3) কামরূপী উপভাষা
(4) রাজবংশী উপভাষা

28. নীচে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি প্রদর্শন করা হয়েছে । সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : 'বিমিশ্র পুথি'র ক্ষেত্রে ভিন্ন ভিন্ন রচয়িতার (কবির) বিভিন্ন পুথি থেকে বিভিন্ন উপাদান সংগ্রহ করে অখণ্ড আকারের পুথি প্রস্তুত করা হয় ।

যুক্তি : কারণ 'বিমিশ্র পুথি' আসলে 'মৌলিক পুথি'র এক বিচিত্র রূপ ।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

29. ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের পুথিতে দান খণ্ডের 82 সংখ্যক পদের একটি ছত্র হল - ‘পাপের খণ্ডন বুধী আহ্মে জানি ।’ ‘আহ্মে’র পর তোলা পাঠ আছে :

(1) তোমা (2) ভালে

(3) না (4) খুব

30. নীচের তালিকা দুটিতে সংস্কৃত অলংকার শাস্ত্র থেকে কয়েকটি মন্তব্য ও আলংকারিকদের নাম দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	রসের আস্বাদন হচ্ছে ‘পরব্রহ্মাস্বাদসচিব’ ।	i.	কুন্তক
b.	কবি প্রতিভার স্বভাবের ভিন্নত্বের ফলেই কাব্যের প্রস্থান বা রীতির ভেদ হয় ।	ii.	ভোজ
c.	রসের আস্বাদন ‘ব্রহ্মাস্বাদ সহোদর’ ।	iii.	অভিনব গুপ্ত
d.	রস রসিকের মধ্যে শব্দ প্রমাণের দ্বারা সৃষ্ট হয় ।	iv.	বিশ্বনাথ কবিরাজ

সংকেত :

	a	b	c	d
(1)	ii	iv	iii	i
(2)	iii	i	iv	ii
(3)	iv	ii	i	iii
(4)	i	iii	ii	iv

31. ‘গোরা’ উপন্যাসে লাবণ্যর খাতায় যে দু’জন ইংরেজ কবির কবিতা লেখা ছিল তাঁরা হলেন :

(1) শেলি ও কিট্‌স (2) ওয়ার্ডসওয়ার্থ ও বায়রন

(3) মুর ও লংফেলো (4) টেনিসন ও কোলরিজ

32. নীচে পাশাপাশি দুটি তালিকায় উল্লিখিত যথাক্রমে প্রবাদ-সংগ্রাহকের নাম এবং প্রবাদ গ্রন্থের নামের মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	শশীমোহন চক্রবর্তী	i.	প্রবাদ রত্নাকর
b.	মো. হানীফ পাঠান	ii.	প্রবাদবচন
c.	সত্যরঞ্জন সেন	iii.	শ্রীহট্টীয় প্রবাদ-প্রবচন
d.	গোপালদাস চৌধুরী ও প্রিয়রঞ্জন সেন	iv.	বাংলা প্রবাদ পরিচিতি

সংকেত :

	a	b	c	d
(1)	iii	iv	i	ii
(2)	ii	i	iv	iii
(3)	iv	ii	i	iii
(4)	i	iii	ii	iv

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

33. নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ‘ভাঙা চশমা’ গল্পের মাস্টার মশাই ছাত্রদের যে বিষয় পড়াচ্ছিলেন তা হল :

(1) প্রোনাউন (2) প্রিপোজিশন

(3) প্রোভার্ব (4) ইডিয়ম

34. ‘ইছামতী’ উপন্যাস থেকে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : রামকানাই কবিরাজকে নীলকুঠির চুনের গুদামে আবদ্ধ রাখা হয়েছিল ।

যুক্তি : কারণ রামু সর্দারের খুনের মামলায় তিনি মিথ্যা সাক্ষী দিয়েছিলেন ।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ

(2) মন্তব্য অশুদ্ধ যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ

(4) মন্তব্য শুদ্ধ যুক্তি অশুদ্ধ

35. ‘তাঁর নায়ক নায়িকা গরম গরম মতামতের সমষ্টি মাত্র’ । – ধূর্জটি প্রসাদ ‘আমরা ও তাঁহারা’ গ্রন্থে যাঁর সম্বন্ধে একথা বলেছেন তিনি হলেন :

(1) মানিক বন্দ্যোপাধ্যায় (2) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(3) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (4) প্রেমেন্দ্র মিত্র

36. রবীন্দ্রনাথের ‘ছন্দ’ গ্রন্থ অবলম্বনে একটি মন্তব্য এবং যুক্তি দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : বাংলা ভাষায় সংস্কৃত কাব্যগ্রন্থের অনুবাদ করা নিরতিশয় কঠিন কাজ ।

যুক্তি : কারণ সংস্কৃত কবিতার শ্লোকগুলি ধাতুময় কারুকার্যের ন্যায় অত্যন্ত সংহতভাবে গঠিত, – বাংলা অনুবাদে তাহা বিশ্লিষ্ট এবং বিস্তীর্ণ হইয়া পড়ে ।

সংকেত :

(1) মন্তব্য এবং যুক্তি দুই-ই অশুদ্ধ

(2) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(3) মন্তব্য এবং যুক্তি দুই-ই শুদ্ধ

(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

37. বঙ্কিমচন্দ্র তাঁর যে উপন্যাস প্রসঙ্গে স্কটের 'The Bride of Lammermoor' – এর উল্লেখ করেছেন, সেটি হল :

(1) কপালকুণ্ডলা (2) ইন্দিরা

(3) দুর্গেশনন্দিনী (4) মৃণালিনী

38. 'রাজা ও রানী' ও তার রূপান্তর 'তপতী' – দুটি নাটকেরই সূচনা হয়েছে দেবদত্ত ও বিক্রম-এর সংলাপ দিয়ে । দু'জনের প্রথম দুটি করে সংলাপ দুটি নাটক থেকে প্রথম ও দ্বিতীয় তালিকায় উদ্ধৃত হল । উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে কার সংলাপ কোন নাটকের সংকেত থেকে তার ঠিক উত্তরটি নির্বাচন করুন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
a. দেবদত্ত । মহারাজ একী উপদ্রব	i. তপতী
b. দেবদত্ত । রাজার এই পূজা এখনো জনসাধারণে স্বীকার করতেই পারছে না ।	ii. রাজা ও রানী
c. বিক্রম । এর কী অর্থ ?	iii. রাজা ও রানী
d. বিক্রমদেব । হয়েছে কী !	iv. তপতী

সংকেত :

	a	b	c	d
(1)	iii	iv	i	ii
(2)	ii	i	iv	iii
(3)	ii	iii	iv	i
(4)	iv	ii	i	iii

39. নীচে চৈতন্যচরিতামৃত গ্রন্থ অবলম্বনে একটি মন্তব্য এবং এর সমর্থনে একটি যুক্তি প্রদর্শন করা হল । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : শঙ্করাচার্য সবিশেষ ব্রহ্মকেই পারমার্থিক সত্য বলে স্বীকার করেছেন ।

যুক্তি : সবিশেষ ব্রহ্মের সঙ্গে জগতের কোনো সম্পর্ক স্থাপিত হতে পারে না বলেই তিনি জগন্মিথ্যা বলে প্রচার করেছেন ।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

40. প্রথম যে নাট্যকার ইবসেনীয় নাট্যরচনারীতি অবলম্বনের কথা বলেছিলেন, তিনি হলেন :

(1) শচীন সেনগুপ্ত (2) বিধায়ক ভট্টাচার্য

(3) যোগেশ চৌধুরী (4) দ্বিজেন্দ্রলাল রায়

41. নীচে প্রথম তালিকায় প্রদত্ত লোকসংগীতের বিশেষ প্রকার এবং দ্বিতীয় তালিকায় প্রদত্ত লোকসংগীতের মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
a. প্রেমসংগীত	i. গম্ভীরা, গাজন
b. নৃত্যসংগীত	ii. সারি, বাইচ
c. শ্রমসংগীত	iii. ভাটিয়ালি, ভাওয়াইয়া
d. আনুষ্ঠানিক সংগীত	iv. ঘাটু, লেটো

সংকেত :

	a	b	c	d
(1)	ii	iv	i	iii
(2)	iii	iv	ii	i
(3)	iv	ii	iii	i
(4)	iii	i	iv	ii

42. লোক সংস্কৃতির অনুশীলন পদ্ধতি অনুসারে ‘মানুষের রোগ-দুর্ভোগ শনাক্তকারী-শক্তি, তার নিরাময়কারী শক্তির ধারণা এবং আনুষঙ্গিক আচার কৃত্যাদিকে’ সামাগ্রিক ভাবে বলা হয় :

(1) মানা (Mana)

(2) শ্যামনিজ্‌ম্‌ (Shamanism)

(3) ফেটিশিজম্‌ (Fetichism)

(4) অ্যানিম্যাটিজ্‌ম্‌ (Animatism)

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

43. 'নতুন ইহুদী' নাটক থেকে প্রথম তালিকায় প্রদত্ত বক্তার সঙ্গে দ্বিতীয় তালিকায় উদ্ধৃত উক্তিগুলোর সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	দুইখ্যা	i.	দুইশ' টাকার উপর পাওয়া যায় না । তবে স্টাম্প খরচটা তারাই দিব ।
b.	মোহন	ii.	থাম-থাম-থামলি । চুপ কইরা থাকলে একেবারে বাইরা ওঠে ।
c.	মীর্জা	iii.	ওই কথা আর মনে করাইয়া দিও না – অভাবে স্বভাব নষ্ট ।
d.	কেষ্ট	iv.	মাইরা ফালা – আমারে মাইরা ফালা । আইজত মরতামই – ।

সংকেত :

	a	b	c	d
(1)	iv	iii	ii	i
(2)	ii	i	iv	iii
(3)	i	iv	iii	ii
(4)	iv	iii	i	ii

44. 'উজ্জ্বলনীলমণি' অনুসারে 'আদি অথবা রতিরস বিষ্ণুদৈবত' । তার বর্ণ হল :

(1) পীতবর্ণ
(2) শ্যামবর্ণ
(3) লোহিতবর্ণ
(4) শ্বেতবর্ণ

45. 'উত্তরচরিত' প্রবন্ধ অনুসরনে ভবভূতি সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের কয়েকটি মন্তব্য নীচে দেওয়া হল । এগুলির শুদ্ধাশুদ্ধ বিচার করে সংকেত অনুসারে ঠিক উত্তর দিন :

a. রসোদ্ভাবনে ভবভূতির ক্ষমতা অপরিসীম ।
b. বাহ্য প্রকৃতির শোভার প্রতি ভবভূতির অনুরাগ ছিল না ।
c. ভবভূতির ব্যবহৃত সংস্কৃত ও প্রাকৃত অতি মনোহর ।
d. বিদ্যাসাগর মহাশয় তাঁর সমাসবদ্ধ ভাষার প্রশংসা করেছেন ।

সংকেত :

	a	b	c	d
(1)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(2)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(3)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(4)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

46. 'মেঘনাদবধ কাব্য'-এ রাবণের শোক বর্ণনার আতিশয্যের সঙ্গে রবীন্দ্রনাথ যে গ্রন্থের প্রধান চরিত্রের প্রতি তুলনা করেছেন সেটি হল :

(1) ঈনিড (2) ম্যাকবেথ

(3) উত্তররামচরিত (4) হ্যামলেট

47. হরপ্রসাদ শাস্ত্রীর 'বঙ্গীয় যুবক ও তিন কবি' প্রবন্ধ থেকে কয়েকজন কবি এবং সংক্ষেপে তাঁদের বৈশিষ্ট্য নীচে দুটি তালিকায় দেওয়া হল । তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে ঠিক উত্তর দিন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	দুর্দমনীয় ইন্দ্রিয় দমনের চিত্র দেখান	i.	কালিদাস
b.	"রসবোধ করিয়া উটিতে পারিনা ... আমাদের চরিত্র পরিবর্তন বা শোধন... হয় না"	ii.	দণ্ডী
c.	"সমাজে থাকিয়া কতদূর সুখ ভোগ করা যাইতে পারে তাহাই দেখান"	iii.	বাল্মীকি
d.	এই কবির কাব্য থেকে 'যদি কিছু লইয়া থাকেন তাহা তিনি ..... কখনো প্রকাশ করবেন না'	iv.	ভারবি

সংকেত :

	a	b	c	d
(1)	ii	i	iii	iv
(2)	i	iii	iv	ii
(3)	iii	iv	i	ii
(4)	iv	ii	iii	i

48. দুই মুখে কথা কয় থাপ্পড় যদি খায়,
নয় মাসের পেট নিয়ে মারার কথা কয় ।
– ধাঁধাটির অর্থ হল :

(1) তবলা (2) ঢোল

(3) খঞ্জনি (4) খোল

49. নীচে প্রদত্ত মন্তব্য ও যুক্তির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

মন্তব্য : 'লোকভাষা' কোনো একটি বিশেষ অঞ্চলের উপভাষা ।

যুক্তি : কারণ নাগরিক বা শিষ্ট ভাষার সঙ্গে লোকভাষার একটি বিরোধ সর্বদাই বর্তমান থাকে ।

সংকেত :

(1) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ (2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ (4) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

50. 'রক্তকরবী' নাটক থেকে নীচের দুটি তালিকায় কতগুলি চরিত্রের নাম ও তাঁদের মুখের সংলাপ দেওয়া হল । উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
a. অধ্যাপক	i. মানুষের দুঃখ মানুষের নাগাল চায় যে ।
b. নন্দিনী	ii. তিনি সম্মান দেন ফলের আঁটিকে, ভালোবাসা দেন ফলের শাঁসকে ।
c. বিশু	iii. ভগবান যখন ছোটোকে মারেন, তখন তার ছোটো মুখে বড়ো কথা দিয়েই মারেন ।
d. গোঁসাই	iv. 'যখন ঠাকুরের নাম জপ করে তখন সে কথা ওরা ভুলে যায়, কিন্তু ঠাকুর খবর রাখেন ।'

সংকেত :

	a	b	c	d
(1)	iii	iv	ii	i
(2)	ii	i	iv	iii
(3)	ii	iv	i	iii
(4)	i	iii	iv	ii

51. লোক সাহিত্য চর্চার অন্যতম বিখ্যাত গ্রন্থ 'Morfologiya Skazki' গ্রন্থটি যে ভাষায় লিখিত, তা হল :

(1) জার্মান
(2) ফরাসি
(3) রাশিয়ান
(4) ইতালীয়

52. নীচের দুটি তালিকার প্রথমটিতে শেক্স্পিয়রের চারটি নাটকের নাম এবং দ্বিতীয়টিতে তাদের বঙ্গানুবাদের নাম দেওয়া হল । উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা	**দ্বিতীয় তালিকা**
a. Hamlet	i. হৃদমাঝারে
b. A Midsummer Night's Dream	ii. ভুলি নাই প্রিয়া
c. Romeo and Juliet	iii. কুহকী
d. As you like it	iv. নীল সমুদ্রের ঝড়

সংকেত :

	a	b	c	d
(1)	iv	iii	ii	i
(2)	i	ii	iii	iv
(3)	iii	i	iv	ii
(4)	iv	iii	i	ii

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

53. ছন্দের পরিপূর্ণ ধ্বনি নষ্ট হয় কীভাবে তা দেখাতে গিয়ে রবীন্দ্রনাথ মধুসূদনের 'যাদঃপতিরোধঃ যথা চলোর্মি আঘাতে' – এর বিকল্প যে বাক্যটি লিখেছেন, সেটি হল :

(1) সাগর সঙ্গম যেন তরঙ্গ হিল্লোলে
(2) সমুদ্রের তটে যেন তরল লহরী
(3) সাগরের তট যথা তরঙ্গের ঘায়
(4) সৈকতপুলিন যেন তরঙ্গের ঘায়

54. প্রথম তালিকায় সত্যেন্দ্রনাথ দত্তের কবিতার ছত্র এবং দ্বিতীয় তালিকায় কবিতার নাম দেওয়া হল । দুটি তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা	দ্বিতীয় তালিকা
a. নয়নে শান্তির কান্তি, হাস্য যার স্বর্গের মন্দার ।	i. গান্ধিজী
b. জনসমুদ্রে ওঠে ঢেউ, কোন্ চন্দ্রের অনুরাগে ।	ii. নমস্কার
c. ইন্দ্র বায়ু চন্দ্র রবি চরণ করে বন্দনা ।	iii. গিরিরানী
d. হাসির আভাস যায় ডুবে হায় নয়ন-জলের বানে ।	iv. সিংহবাহিনী

সংকেত :

	a	b	c	d
(1)	ii	i	iv	iii
(2)	iv	iii	i	ii
(3)	ii	iv	iii	i
(4)	iii	ii	i	iv

55. ভাগবতের দশম স্কন্ধের রাসপঞ্চাধ্যায় বলতে বঙ্কিমচন্দ্র তার 'কৃষ্ণচরিত্র' গ্রন্থে যে পাঁচটি অধ্যায়ের উল্লেখ করেছেন, সেগুলি হল :

(1) 26 থেকে 30 অধ্যায়
(2) 27 থেকে 31 অধ্যায়
(3) 29 থেকে 33 অধ্যায়
(4) 28 থেকে 32 অধ্যায়

56. প্রথম তালিকায় প্রদত্ত 'দেবীগর্জন' নাটকের নাট্যচরিত্রের সঙ্গে দ্বিতীয় তালিকায় উপস্থাপিত পরিচয়ের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা	দ্বিতীয় তালিকা
a. রংক	i. বাউরি মোড়ল চাষি
b. সর্দার	ii. কামিন
c. গুনাই	iii. লাঠিয়াল
d. মনা	iv. সাঁওতাল চাষি

সংকেত :

	a	b	c	d
(1)	iv	ii	iii	i
(2)	iii	iv	ii	i
(3)	iii	i	iv	ii
(4)	iv	iii	i	ii

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

57. "এলিয়ট কবিকে ঘটক আখ্যা দিয়েছেন; এবং আমি ও মনে করি যে ব্যক্তিগত মনীষায় জাতীয় মানস ফুটিয়ে তোলাই কবিজীবনের পরম সার্থকতা ।" – 'অর্কেস্ট্রা' কাব্যের ভূমিকায় সুধীন্দ্রনাথ এ কথা লিখেছেন এলিয়টের যে রচনার অনুসরণে সেটি হল :

(1) Tradition and the Individual Talent.
(2) The Music of Poetry.
(3) The Three voices of Poetry.
(4) The Metaphysical Poets.

58. প্রমথ চৌধুরীর 'বাংলার ভবিষ্যৎ' প্রবন্ধ অবলম্বনে একটি মন্তব্য ও তার সমর্থনে যুক্তি দেওয়া হয়েছে । প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

মন্তব্য : 'বিশ্বমানবের মনের উপর আধুনিক জর্মান মনের প্রভাব যেমন অকারণ তেমনি মারাত্মক ।'

যুক্তি : কেননা জর্মান দর্শন অপর জাতির মনের আকাশ ঘুলিয়ে দেয় ।

সংকেত :

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ
(2) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ
(3) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ
(4) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

59. জন স্টুয়ার্ট মিল-এর 'জীবনবৃত্ত' রচনা করেন :

(1) বলেন্দ্রনাথ ঠাকুর
(2) হরপ্রসাদ শাস্ত্রী
(3) যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ
(4) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

60. 'শর্মিষ্ঠা' নাটক অবলম্বনে প্রদত্ত মন্তব্যগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে ঠিক উত্তরটি চিহ্নিত করুন :

a. মধুসূদন শর্মিষ্ঠা নাটককে শৃঙ্গার রসাত্মক সংস্কৃত নাটকের রূপে গঠন করেন নি ।
b. শর্মিষ্ঠার নায়ক চরিত্র মহাভারতের উচ্চমর্যাদা রক্ষায় সফল ।
c. সংস্কৃত শৃঙ্গার রসাত্মক নাটকের নায়ক চরিত্রের সাধারণ বৈশিষ্ট্য 'শর্মিষ্ঠা'র যযাতির মধ্যে নেই ।
d. 'অভিজ্ঞান শকুন্তলম' - এর দুষ্যন্ত চরিত্রের অনুকরণে যযাতি চরিত্রের পরিকল্পনা করেছিলেন মধুসূদন ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(3)	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(4)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ

www.a2zSubjects.com

61. 'কুলীনকুল সর্বস্ব নাটক'-এ রামনারায়ণ তর্করত্ন সংস্কৃত নাটকের যে রীতিটি অনুসরণ করেন নি সেটি হল :

(1) বিষয় বস্তু নির্বাচন রীতি ।

(2) অঙ্কের দৃশ্যবিভাগের রীতি ।

(3) 'নান্দী', 'সূত্রধার', 'নটী' দ্বারা নাটকের সূত্রপাতের রীতি ।

(4) চরিত্রের পরিচয় অনুযায়ী ভাষা ব্যবহারের রীতি ।

62. নীচে পাশাপাশি দুটি তালিকায় প্রদত্ত যথাক্রমে 'চৈতন্যচন্দ্রোদয়' নাটকের অঙ্ক সংখ্যা এবং বর্ণিত বিষয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**	
a.	তৃতীয় অঙ্ক	i.	শান্তিপুরে অদ্বৈত গৃহে পরিকর সহ মিলন ।
b.	পঞ্চম অঙ্ক	ii.	শ্রীরূপ-মিলন ও শিক্ষাদান
c.	নবম অঙ্ক	iii.	গুণ্ডিচামার্জন
d.	দশম অঙ্ক	iv.	মৈত্রী ও প্রেম-ভক্তির সম্বন্ধ নিরূপণ

সংকেত :

	a	b	c	d
(1)	ii	iii	i	iv
(2)	i	iv	ii	iii
(3)	iv	i	ii	iii
(4)	iii	ii	iv	i

63. নীচের চারটি দৃষ্টান্তের মধ্যে যেটিতে অর্ধযতিলোপ ঘটেছে সেটি চিহ্নিত করুন :

(1) শীর্ণ শান্ত সাধু তব পুত্রদের ধরে
দাও সবে গৃহছাড়া লক্ষ্মীছাড়া করে ।

(2) বীর্য দেহ তোমার চরণে পাতি শির
অহর্নিশি আপনারে রাখিবারে স্থির ।

(3) ধীরে ধীরে শর্বরী হয় অবসান
উঠিল বিহঙ্গের প্রত্যুষগান ।

(4) লজ্জা দিয়ে সজ্জা দিয়ে দিয়ে আবরণ
তোমারে দুর্লভ করি করেছে গোপন ।

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

64. নীচের মন্তব্যগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে ঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. বাঙালি কর্তৃক সংস্কৃত নাটকের প্রথম অনুবাদ হয় 1822 খ্রিস্টাব্দে

b. সংস্কৃত নাটক হিসাবে প্রথম বাংলায় অনূদিত হয় 'রত্নাবলী' ।

c. কাশীনাথ তর্কপঞ্চানন দিলেন সংস্কৃত থেকে বাংলা নাটকের প্রথম একমাত্র অনুবাদক ।

d. সংস্কৃত প্রবোধচন্দ্রোদয় নাটকের নাট্যকার হলেন কৃষ্ণমিশ্র ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(2)	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(4)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ

65. মহৎ ভয়ের মূরৎ সাগর
বরণ তোমার তমঃশ্যামল
মহেশ্বরের প্রলয় পিনাক
শোনাও আমায় শোনাও কেবল ।

এই দৃষ্টান্তটি যে সংস্কৃত ছন্দের অনুসরণে রচিত সেটি চিহ্নিত করুন :

(1) শিখরিণী
(2) শার্দূলবিক্রীড়িত
(3) মালিনী
(4) পঞ্চচামর

66. সংস্কৃতি সাহিত্য সমালোচনা প্রসঙ্গে 'সংস্কৃত কবিতা ও আধুনিক যুগ' প্রবন্ধে বুদ্ধদেব বসুর মতামতগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

a. সংস্কৃত সাহিত্য লিরিকের প্রকাশ অত্যন্ত ক্ষীণ ও দুর্বল ।

b. যা অলংকৃত নয় তা পর্যাপ্ত নয়, এই মৌল ধারণা নিয়ে সংস্কৃত কাব্য বিচারের আরম্ভ ।

c. সংস্কৃতে শেষ ভালো কবি ছিলেন জয়দেব ।

d. সংস্কৃত কবিতার মহত্তম মুহূর্তগুলি যে সব গ্রন্থে বিধৃত আছে, যাদের সাধারণত ধর্মশাস্ত্র বলে ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ
(4)	শুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

67. হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত 'চর্যাগীতি'র গুড্ডরী পা রচিত চার নম্বর চর্যাগানটির (তিঅড্ডা চাপী জোইনি দে অঙ্ক বালী) যে পাঠান্তর পরবর্তীকালে আবিষ্কৃত, 'নবচর্যাপদ'-এ সেটির সংখ্যা হল :

(1) এক

(2) চার

(3) পনেরো

(4) আঠারো

68. প্রথম তালিকার লোকতত্ত্ববিদদের নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত তাঁদের প্রবর্তন করা তত্ত্বের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

প্রথম তালিকা	দ্বিতীয় তালিকা
a. থিওডোর বেনফের	i. বহুমুখী উদ্ভব তত্ত্ব (Theory of Polygenesis)
b. অ্যাণ্ড্রুল্যাঙ	ii. সৌর-পুরাণ তত্ত্ব (Solar Mythology)
c. ম্যাক্স ম্যুলার	iii. ভগ্নাংশ পুরাণ তত্ত্ব (Broken down Myth Theory)
d. উইল হেল্‌ম কার্ল গ্রিম	iv. ভারতীয় তত্ত্ব (Indionis Theory)

সংকেত :

	a	b	c	d
(1)	iv	iii	ii	i
(2)	iv	i	ii	iii
(3)	iv	i	iii	ii
(4)	ii	i	iv	iii

69. লোকগীতিতে 'পাতাশালিয়া' হল :

(1) দরবারী ঝুমুর

(2) লৌকিক ঝুমর

(3) কৃষ্ণলীলা গান

(4) ভাওয়াইয়া

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

70. নীচের প্রথম ও দ্বিতীয় তালিকায় উল্লিখিত যথাক্রমে পদাবলির চরণের সঙ্গে উজ্জ্বলনীলমণির অষ্টনায়িকার বিশেষ অবস্থার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	বিফলে সাজায়লুঁ কুঞ্জ	i.	বাসকসজ্জিকা
b.	ও যেন লাখ/কলপ করি মানই / তলপ ভরয়ে দিঠি বারি	ii.	বিপ্রলব্ধা
c.	নয়ন কাজর তুঅ অধর চোরাওল	iii.	উৎকন্ঠিতা
d.	বাসিত বারি / কপূরিত তাম্বুল, / কুসুমিত মদন শয়ান	iv.	খণ্ডিতা

সংকেত :

	a	b	c	d
(1)	ii	iii	iv	i
(2)	iii	iv	i	ii
(3)	iv	ii	iii	i
(4)	i	ii	iv	iii

71. কবিকঙ্কণ চণ্ডী ও কেতকাদাস-এর মনসামঙ্গল কাব্যের সৃষ্টি প্রকরণ পালায় যে পুরাণের 'সৃষ্টি কথন' পালার প্রভাব লক্ষ্য করা যায় সেটি হল :

(1) শিব পুরাণ
(2) স্কন্ধ পুরাণ
(3) মার্কণ্ডেয় পুরাণ
(4) কালিকা পুরাণ

72. 'উজ্জ্বলনীলমণি' গ্রন্থ থেকে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল । প্রদত্ত সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

a. মুখ্যসম্ভোগ সংক্ষিপ্ত সংকীর্ণ সমৃদ্ধিমান্‌ভেদে তিন প্রকার ।
b. সাধারণ পূর্বরাগে ছয়টি দশা বর্তমান ।
c. প্রৌঢ় পূর্বরাগের সঙ্গে সমঞ্জ'সা রতির সম্পর্ক বর্তমান ।
d. বিপ্রলম্ভ সর্বমোট চার প্রকার ।

সংকেত :

	a	b	c	d
(1)	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ
(2)	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
(3)	অশুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	শুদ্ধ
(4)	শুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	অশুদ্ধ

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

73. বাংলা ছন্দের আলোচনায় ‘পদভূমক’ এবং ‘পর্বভূমক’ কথা দুটি ব্যবহার করেছেন :

(1) অমূল্যধন মুখোপাধ্যায়

(2) মোহিতলাল মজুমদার

(3) তারাপদ ভট্টাচার্য

(4) প্রবোধচন্দ্র সেন

74. প্রথম তালিকায় প্রদত্ত ‘কৃষ্ণচরিত্র’ গ্রন্থের ঘটনাগুলির সঙ্গে দ্বিতীয় তালিকায় প্রদত্ত খণ্ডনামের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্বাচন করুন :

	প্রথম তালিকা		**দ্বিতীয় তালিকা**
a.	দ্রৌপদীর স্বয়ংবর	i.	তৃতীয় খণ্ড
b.	কৃষ্ণের বিবাহ	ii.	দ্বিতীয় খণ্ড
c.	রাসলীলা	iii.	চতুর্থ খণ্ড
d.	কৃষ্ণ-কর্ণ সংবাদ	iv.	পঞ্চম খণ্ড

সংকেত :

	a	b	c	d
(1)	i	iii	iv	ii
(2)	iii	i	ii	iv
(3)	iii	ii	iv	i
(4)	ii	iv	iii	i

75. ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে বড়াইকে যিনি ‘মধুরাচারকোবিদ’ বলেছেন তিনি হলেন :

(1) কবি

(2) কৃষ্ণ

(3) রাধা

(4) জনৈকা গোপী

www.a2zSubjects.com

www.a2zSubjects.com

Space For Rough Work

www.a2zSubjects.com